গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# মোহনপুর ইউনিয়ন পরিষদ

উপজেলা : সুনামগঞ্জ, জেলা : সুনামগঞ্জ।

৮নং মোহনপুর ইউনিয়ন পরিষদের জুলাই /২০২০ খ্রি: মাসের সভার কার্যবিবরণী :

সভার সভাপতি : জনাব মো: নুরুল হক, চেয়ারম্যান, ৮নং মোহনপুর ইউনিয়ন পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

সভার তারিখ : ২২-০৭-২০২০ খ্রিঃ রোজ : বুধবার সময় : সাকল ১১.০০ ঘটিকা

সভার স্থান : অস্থায়ী কার্যালয়, জয়নগর বাজার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

ইউপি সভায় উপস্থিত সদস্যগনের নাম :

| ক্র: নং | উপস্থিত সদস্যগনের নাম | পদবী | ওয়ার্ড নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মো: নুরুল হক | চেয়ারম্যান | ১-৯ | স্বাক্ষরিত |
| ০২ | বেগম সন্ধ্যা রাণী দেব | সংরক্ষিতমহিলা | ১.২.৩ | স্বাক্ষরিত |
| ০৩ | বেগম স্বপ্না বেগম | সংরক্ষিত মহিলা | ৪.৫.৬ | স্বাক্ষরিত |
| ০৪ | বেগম মোছা: আছিয়া খাতুন | সংরক্ষিত মহিলা | ৭.৮.৯ | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মো: তৈয়বুর রহমান | সাধারণ সদস্য | ১নং | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মো: ইকবার হোসেন | সাধারণ সদস্য | ২নং | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মামুন রশিদ সেলিম | সাধারণ সদস্য | ৩নং | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মো: শামছুন নূর | সাধারণ সদস্য | ৪নং | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব মো: রইছ মিয়া | সাধারণ সদস্য | ৫নং | স্বাক্ষরিত |
| ১০ | জনাব মো: বাবুল মিয়া | সাধারণ সদস্য | ৬নং | স্বাক্ষরিত |
| ১১ | জনাব মো: নুরুল ইসলাম | সাধারণ সদস্য | ৭ নং | স্বাক্ষরিত |
| ১২ | জনাব মো: আব্দুস ছোবান | সাধারণ সদস্য | ৮নং | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব মো: আজিম উদ্দিন | সাধারণ সদস্য | ৯নং | স্বাক্ষরিত |

আলোচ্য বিষয় :

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

২। ২০১৯-২০২০ অর্থ বছরের এলজিএসপি-৩ প্রকল্প নির্বাচন প্রসঙ্গে আলোচনা।

৩। ২০১৯-২০২০ অর্থ বছরের এলজিএসপি-৩ এর আওতায় ১০% বরাদ্ধ হতে অস্থায়ীভিত্তিতে ১ জন লোক নিয়োগ।

৪। এলজিএসপি-৩ প্রকল্প পরিবর্তন করে নতুন প্রকল্প গ্রহণ প্রসঙ্গে।

৫। মানব পাচার, নারী ও শিশু পাচার প্রতিরোধ বিষয়ে আলোচনা।

| ক্র: নং | বিবরণ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | অদ্যকার সভার সভাপতি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। | বিগত সভার কার্যবিবরণীসর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |
| ২ | সভায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে জানান যে, ২০১৯-২০২০ অর্থ বছরে প্রথম কিস্তিতে ৫৬২২৩০/= (পাঁচলক্ষ বাষট্টি হাজার দুইশত ত্রিশ) টাকা ২য় কিস্তিতে ৬৬৮১৭২/=(ছয়লক্ষ আটষট্টি হাজার একশত বাহাত্তর) টাকা এবং পিবিজি ৩৮০০৫৮/=(তিন লক্ষ আশি হাজার | পরিশিষ্ট "ক"তে উল্লিখিত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদীত হয়। | আহবায়ক, ওয়ার্ড কমিটি সমূহ, মোহনপুর ইউ/পি। |

| | | | |
|---|---|---|---|
| | আটান্ন টাকা) সর্বমোট ১৬১০৪৬০/=(ষোল লক্ষ দশ হাজার চারশত ষাট) টাকা বরাদ্ধ পাওয়া গিয়েছে যা ইতোপূর্বে সকলকে অবহিত করা হয়েছ। সভায় ওয়ার্ডসভা ও ইউনিয়ন ক্রয় পরিকল্পণা কমিটি হতে প্রাপ্ত ২০১৯-২০২০ অর্থ বছরে এলজিএসপি-৩ এর বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহ উপস্থাপণ করা হয়, এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়ে এবং অপেক্ষাকৃত অগ্রাধিকার প্রকল্পসমূহ (পরিশিষ্ট "ক"তে উল্লিখিত) বাস্তবায়নের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদীত হয়। | | |
| ৩ | সভাপতি মহোদয় বলেন- ইউ/পি অফিসে কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় বিশেষ করে এলজিএসপি এর স্কিম তৈরির জন্য সহায়তা, হিসাব রক্ষণ ও ইউনিয়ন পর্যায়ের তথ্যাদি কম্পিউটারে এন্ট্রিকরণ কাজের জন্য মৌলিক থোক বরাদ্ধের ১০% বরাদ্ধ হতে অন্তত ১ জন লোক নিয়োগ দিয়ে জনবল বৃদ্ধি করা প্রয়োজন। তিনি বলেন, জনাবা সাগরিকা আচার্য আমাদের অফিসে চলতি অর্থবছরে কাজ করছেন এবং তার কাজের মান ভালো তাই ২০১৯-২০২০ অর্থ বছরেও তাকে অত্রাফিসে এলজিএসপি এর স্কিম তৈরির জন্য সহায়তা, হিসাব রক্ষণ ও ইউনিয়ন পর্যায়ের তথ্যাদি কম্পিউটারে এন্ট্রিকরণ কাজের জন্য প্রয়োজন। বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | মৌলিক থোক বরাদ্ধের ১০% বরাদ্ধ হতে অন্তত ১ জন লোক নিয়োগ দিয়ে জনবল বৃদ্ধির পক্ষে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৪ | সভাপতি সভাকে জানান যে, প্রস্তাবিত ২০১৮-২০১৯ অর্থ বছরের এলজিএসপি-৩ প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য বিজিসিসি সভায় ইতোমধ্যে অনুমোদীত হয়ে বাস্তবায়ন প্রায় শেষ পর্যায়ে। উল্লেখ্য যে, বিগত ২৫/০৭/২০১৯ তারিখের বিজিসিসি সভায় অনুমোদীত ১০ নং ক্রমিকের " আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে জনসচেতনতামূলক প্রচারাভিযান" প্রকল্পটি অনুমোদীত হয়। প্রকল্পটি বাস্তবায়নের উদ্যেগ নেওয়া হলে করোন ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে বাস্তবায়ন করা সম্ভব হয় নি। বর্তমান পরিস্থিতিতেও তা বাস্তবায়ন করা সম্ভব নয়। ইতোমধ্যে প্রাক্কলন মোতাবেক "জয়নগর বাজার হাজী গলিবক্স উচ্চবিদ্যালয়ে গার্লস কর্ণার স্থাপণ" প্রকল্পটির কাজ শেষ হয়েছে। কিন্তু প্রকল্পটিতে বৈদ্যুতিক ওয়ারিং, সিলিং ফ্যান এবং পানির ট্যাংক স্থাপনসহ রং করা প্রয়োজন রয়েছে। এই কাজগুলো বাস্তবায়নে প্রায় ২৫০০০/= (পঁচিশ হাজার টাকা) মাত্র প্রয়োজন হবে। এমতাবস্তায় বিজিসিসি সভায় অনুমোদীত ১০ নং ক্রমিকের প্রকল্পটি বাতিলপূর্বক প্রকল্পটিতে বরাদ্ধকৃত ২৫০০০/= (পঁচিশ হাজার টাকা) মাত্র "জয়নগর বাজার হাজী গনিবক্স উচ্চবিদ্যালয় গার্লস কর্ণারে বৈদ্যুতিক ওয়ারিং, সিলিং ফ্যান এবং পানির ট্যাংক স্থাপনসহ রং করণ " নতুন প্রকল্প গ্রহণ করা প্রয়োজন। এছাড়াও ইতোপূর্বে ১৭/০২/২০২০ তারিখের বিজিসিসি সভায় অনুমোদীত "মোহনপুর গ্রামের ফকিরের বাড়ীর দক্ষিণে একটি কালভার্ট নির্মাণ" প্রকল্পটি প্রকল্পস্থানে অতিরিক্ত পানি থাকার কারণে সমাপ্ত করা সম্ভব না হওয়ায় তা পরিবর্তন করে "রহমতপুর গ্রামের মখলিছুর রহমান পিতা মৃত তালেব আলীর বাড়ীর সামনে জনস্বার্থে ১ টি নলকূপ স্থাপন" ৫৬৩৫৩/= (ছাপ্পান্ন হাজার তিনশত তিপ্পপান্ন টাকা) নতুন প্রকল্প বাস্তবায়ন করা প্রয়োজন। | "জয়নগর বাজার হাজী গনিবক্স উচ্চবিদ্যালয় গার্লস কর্ণারে বৈদ্যুতিক ওয়ারিং, সিলিং ফ্যান এবং পানির ট্যাংক স্থাপনসহ রং করণ " এবং "মখলিছুর রহমান পিতা মৃত তালেব আলীর বাড়ীর সামনে জনস্বার্থে ১ টি নলকূপ স্থাপন" নতুন প্রকল্প গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | আহবায়ক, ওয়ার্ড কমিটি , মোহনপুর ইউ/পি। |
| ৫ | মানব পাচার, নারী ও শিশু পাচার প্রতিরোধ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি জানান যে, কোথায় সংশ্লিষ্ট | অন্যায়ভাবে আদম পাচারের অভিযোগে | ইউনিয়ন মানব পাচার ও |

| | | | |
|---|---|---|---|
| | বিষয়ে অভিযোগ পাওয়া গেয়ে ইউনিয়ন কমিটিকে অবহিত করার জন্য তিনি সকল ইউপি সদস্যগণকে অনুরোধ জানান। অন্যায়ভাবে আদম পাচারের অভিযোগে আসামীর বিরুদ্ধে আইনী ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মানব পাচার কমিটির নিকট বিষয়টি তুলে ধরার পক্ষে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | আসামীর বিরুদ্ধে আইনী ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মানব পাচার কমিটির নিকট বিষয়টি তুলে ধরার পক্ষে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রতিরোধ কমিটি, মোহনপুর ইউ/পি, সদর, সুনামগঞ্জ |

অত:পর সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি আবারও সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: নুরুল হক)
চেয়ারম্যান
মোহনপুর ইউনিয়ন পরিষদ
সুনামগঞ্জ সদর।

মোহনপুর ইউনিয়ন পরিষদ
জেলা ও উপজেলা সুনামগঞ্জ।

স্মারক নং: ২৫২ /২০২০

তারিখঃ ২২/০৭/২০২০ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
১। উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

(মো: নুরুল হক)
চেয়ারম্যান
মোহনপুর ইউনিয়ন পরিষদ
সুনামগঞ্জ সদর।

পরিশিষ্ট "ক"

বাস্তবায়নের জন্য অনুমোদীত প্রকল্প তালিকা ( এলজিএসপি-৩), অর্থ বছর ২০১৯-২০২০

| ক্র নং | প্রকল্পের নাম | খাতের নাম | মোট বরাদ্ধ | প্রকল্পের ধরণ |
|---|---|---|---|---|
| ১ | ব্রহ্মোত্তর আলী আমজদের বাড়ীর সামনের পাঁকা রাস্তার মাথা হতে হোসেনের বাড়ীর সামনা পর্যন্ত সিসি ঢালাই | রাস্তা ও যোগাযোগ | ৮০০০০/= | বিবিজি (১ম কিস্তি) |
| ২ | ইউনিয়ন ডিজিটাল সেন্টারের জন্য ১ টি ইউপিএস ক্রয় এবং ১ টি কালার প্রিন্টার ক্রয়। | সক্ষমতা | ৪৫০০০/- | বিবিজি (১ম কিস্তি) |
| ৩ | জনস্বাস্থ্য, স্বাস্থ্য সচেতনতা ও পরিস্কার পরিচ্ছন্নতা | স্বাস্থ্য | ৪৫০০০/= | বিবিজি (১ম কিস্তি) |
| ৪ | সর্দারপুর গ্রামের আছদ্দর আলী পিতা মৃত আইন উদ্দিন এর বাড়ীর সামনে জনস্বার্থে ১ টি নলকূপ স্থাপন। | পানি সরবরাহ | ৫০০০০/= | বিবিজি (১ম কিস্তি) |
| ৫ | নুরুল্লা গ্রামের মক্তছির আলী পিতা মৃত একরাম উল্লা এর বাড়ীর সামনে জনস্বার্থে ১ টি নলকূপ স্থাপন, নুরুল্লা গ্রামের ফরিদ মিয়া পিতা সফর আলী এর বাড়ীর সামনে জনস্বার্থে ১ টি নলকূপ স্থাপন। | পানি সরবরাহ | ১০০০০০/= | বিবিজি (১ম ও ২য় কিস্তি) |
| ৬ | মুড়ারবন্দ গ্রামের এখলাছুর রহমান পিতা আ: হান্নানের বাড়ীর সামনে জনস্বার্থে ১ টি নলকূপ, মুড়ারবন্দ গ্রামের আলা উদ্দিন পিতা মৃত আ: আজিজ এর বাড়ীর সামনে ১ টি নলকূ, জনস্বার্থে মোট ২ টি স্থাপন। | পানি সরবরাহ | ১০০০০০/- | বিবিজি (১ম কিস্তি) |
| ৭ | ১০% এর আওতায় অস্থায়ী জনবল নিয়োগ ১ জন | সক্ষমতা | ৬০০০০/= | বিবিজি (১ম কিস্তি) |
| ৮ | বাণীপুর গ্রামের ময়না মিয়ার বাড়ীর পিছনের খালে ১ টি কালভার্ট ও গার্ডওয়াল নির্মাণ। | রাস্তা ও যোগাযোগ | ২১২২৩০/= | বিবিজি (১ম ও ২য় কিস্তি) |
| ৯ | রাসনগর আ: আজিজের দোকানের সামনের সিসি ঢালাই এর মাথা হতে মইন উদ্দিনের বাড়ীর সামনা পর্যন্ত সিসি ঢালাই। | রাস্তা ও যোগাযোগ | ৪০০০০০/= | বিবিজি ( ২য় কিস্তি) |
| ১০ | মোহনপুর মাঝহাটি রাস্তায় সিসি ঢালাই | রাস্তা ও যোগাযোগ | ৬৮১৭২/= | বিবিজি (২য় কিস্তি) |
| ১১ | জয়নগর গ্রামের সমির দেবনাথ পিতা প্রমুদ দেবনাথ এর বাড়ীর সামনে জনস্বার্থে ১ টি নলকূপ স্থাপন। | পানি সরবরাহ | ৫০০০০/= | বিবিজি (২য় কিস্তি) |
| ১২ | জয়নগর কালীমন্দিরের সামনের এলজিএসপি রাস্তার মাথা হতে মেইনরোড পর্যন্ত সিসি ঢালাই। | রাস্তা ও যোগাযোগ | ৩০০০০০/= | পিবিজি |
| ১৩ | নুরুল্লা ব্রীজের পশ্চিম পাশ হতে মেইর রোড পর্যন্ত মাটি ভরাট। | রাস্তা ও যোগাযোগ | ১০০০৫৮/= | পিবিজি,বিবিজি (২য় কিস্তি) |
| | | সর্বমোট | ১৬১০৪৬০/= | |

(মো: নুরুল হক)
চেয়ারম্যান
মোহনপুর ইউনিয়ন পরিষদ
সুনামগঞ্জ সদর

মোঃ নুরুল হক
চেয়ারম্যান
মোহনপুর ইউনিয়ন পরিষদ
জেলা ও উপজেলা সুনামগঞ্জ।